

প্রেস রিলিজ

প্রগ্রেসিভ লাইফ ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর মধ্যে গ্রুপ বীমা চুক্তি সই

সম্প্রতি প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি গ্রুপ বীমা চুক্তিপত্র সই হয়েছে। এই চুক্তির ফলে প্রগ্রেসিভ লাইফ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমা সেবা প্রদান করবে। প্রগ্রেসিভ লাইফ এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) ডাঃ সৈয়দ তানভীর আলম ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর কোষাধ্যক্ষ প্রফেসর ডাঃ জুলফিকার রহমান খান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন।

উক্ত অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর ভাইস চ্যান্সেলর প্রফেসর ডাঃ প্রাণ গোপাল দত্ত, ডাইরেক্টর ফাইন্যান্স সিদ্দিকুর রহমান ভূইয়া, প্রোভিসি (শিক্ষা) ডাঃ মোঃ রুহুল আমিন মিয়া ও প্রগ্রেসিভ লাইফের চেয়ারম্যান বজলুর রশিদ এমবিই, উপদেষ্টা এম. এ করিম, সিএফও এন্ড সিএস (চলতি) সাধন চন্দ্র দাস এবং উক্ত দুই প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।